

ধরিশালে শেষ পর্যন্ত কোন কাজেই আসেনি স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন

বরিশাল স্কুলে

বিদেশী চিত্রাধারা-পালন করতে গিয়ে শেষ পর্যন্ত কোন কাজেই আসেনি বরিশালে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন। এ বছরও ২০০ প্রাথমিক বিদ্যালয়ে ৪ ফেব্রুয়ারি নতুন করে এ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। খোদ বিদ্যালয় কর্তৃপক্ষের দাবি মনিটরিং না থাকায় গত-২ বছরে এ কার্যক্রমের নিকিলাণ সফলতাও আসেনি। অনেক বিদ্যালয়ে গঠন করা যায়নি কাউন্সিল।



হলেও বাস্তবে তার অস্তিত্ব খুঁজে পাওয়া যায়নি। বরিশাল জেলা প্রাথমিক শিক্ষা অধিদফতর সূত্রে পাওয়া তথ্যে জানা গেছে, শিক্ষার মান বৃদ্ধি, ঋণে পড়া গ্রোধ, গণতন্ত্রের চর্চা, উন্নয়নমূলক কর্মকাণ্ডসহ বিভিন্ন বিষয়ে প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জ্ঞান দানের জন্য ২০১০ সাল থেকে সারাদেশে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন শুরু হয়। ৩য় থেকে ৫ম শ্রেণীর শিক্ষার্থীদের নিয়ে গড়া এই কাউন্সিলের মেয়াদ নির্ধারণ করা হয় ১ বছর। ২০১০ সালে বরিশাল জেলার যেসব স্কুলে স্টুডেন্টস কাউন্সিল গঠন করা হয়েছিল অধিকাংশে স্কুলে তা ক্রমশঃ-ক্রমশে থাকলেও বাস্তবে এর কোন অস্তিত্ব নেই। ৭ সদস্যবিশিষ্ট এই কাউন্সিলে প্রধানমন্ত্রীর বিভিন্ন পদের দায়িত্বে থাকা ছাত্রছাত্রীরা জানেনই না ১ বছর আগে তারা নেতা হয়েছিল। বরিশাল সদর উপজেলায় প্রথম বছর ৫টি স্কুলে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত

হয়। গত ২ বছর ধরে এই কার্যক্রমের আওতায় থাকা নগরীর দিষ্টার ডে প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শেখিনা আক্তার জানান, স্টুডেন্টস কাউন্সিলের কার্যক্রম তারা শিক্ষকরাই মূলত করে থাকেন। ছাত্রছাত্রীরা কেবল ক্রমশঃ-ক্রমশে পদে থাকে। বিদ্যালয়ের বার্ষিক উদ্ভিদা প্রতিযোগিতা ছাড়া বছরে আর কোন কার্যক্রমই থাকে না এই কাউন্সিলের। চরবাড়িয়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোবারক হোসেন জানান, সরকারি সহায়তা না থাকায় কমিটি থাকলেও এর কোন কার্যক্রম নেই। শুরু দিকে সরকারিভাবে তাদের প্রশিক্ষণ দেয়া হয়েছিল। এই সময় বলা হয়েছিল এ জন্য ল্যাপটপসহ বিভিন্ন সুযোগ-সুবিধা থাকবে। তবে গত ২ বছরে স্টুডেন্টস কাউন্সিলের কার্যক্রমিতা দেখতে কেউ আসেনি। সদর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নুসরাতা মাসুম জানান, ২০১১ সালে নতুন যে ৫টি স্কুলকে স্টুডেন্টস কাউন্সিলের আওতায় আনা হয় তার মধ্যে শুধু ১টি স্কুলে কমিটি গঠন করা হয়েছে। বাকি ৪টিয় কমিটিই গঠন করা যায়নি।

নতুন করে আবার ২শ' প্রাথমিক বিদ্যালয়ে নির্বাচনের আয়োজন করা হচ্ছে

বিদেশী ধারার এ কার্যক্রমে কোন প্রচারনা না থাকায় এক্ষেত্রে তেমন কোন সফলতা আসেনি। নতুন করে এ উপজেলার প্রত্যন্ত অঞ্চলের ২০টি স্কুলে স্টুডেন্টস কাউন্সিল গঠনের যে নির্দেশনা এসেছে তার সফলতা নিয়ে সশঙ্ক প্রকাশ করেন তিনি। বরিশাল জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ শাহ আলম জানান, আগামী ৪ ফেব্রুয়ারি এ জেলায় ২০০ নতুন স্কুলে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হবে। প্রাথমিকস্তরের যে শিশুদের শাসন করে শিক্ষা দিতে হয় তারা কেতুকের কি বুঝবে। বাজেট তো স্কুলের কথা শিশুদের টিফিনও দেয়া হয় না। সফলতা না এসেও গ্যারান্টি বাতানোর জন্য বিদেশী চিত্রাধারা প্রয়োগের নির্দেশনা পালন করতে হচ্ছে।